

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন

সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক নং- সিএও/পবম/বিবিধ/খন্ড-২/২২/ ২৪১৬

বরাবর

তারিখঃ ০৭/১১/২০২০ খ্রিঃ

হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।


দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন)

বিষয়ঃ এ কার্যালয়ে বিভিন্ন শূন্য পদে প্রয়োজনীয় সংখ্যক লোকবল পদস্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ কার্যালয়ে প্রি-অডিটের মাধ্যমে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং এর অধীন বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, পরিবেশ অধিদপ্তরসহ এর আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের বিল নিষ্পত্তি ও বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের প্রেরিত চাকুরী বহিসমূহ যাচাই পেনশন কেইস নিষ্পত্তি, লাম্প গ্রান্ট বিল ও পিআরএল এর বিল নিষ্পত্তি, শ্রান্তিবিনোদন ছুটি ও বিল নিষ্পত্তি, কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার বেতন নির্ধারণ, বিভিন্ন প্রকার রিপোর্ট প্রদান, প্রায়শঃ অইবাস++ সিস্টেমে বিভিন্ন প্রকার সংশোধনের কাজ, মাসিক হিসাব সম্পন্ন, উপবোজন হিসাব ও আর্থিক হিসাব, জার্নাল সংক্রান্ত গুরুত্বপূর্ণ কাজ, ব্রডসীট ও লেজার পোস্টিং এবং পোস্ট অডিটের আওতায় বাংলাদেশ বন অধিদপ্তরসহ এর আওতাধীন ৬৮ টি পে-পয়েন্ট এর বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের প্রেরিত চাকুরী বহিসমূহ যাচাই, পেনশন কেইস নিষ্পত্তি, লাম্প গ্রান্ট বিল ও পিআরএল এর বিল নিষ্পত্তি, শ্রান্তিবিনোদন ছুটি, বিল নিষ্পত্তি, কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার বেতন নির্ধারণ, এবং ৬৮ টি পে-পয়েন্ট হতে প্রেরিত মাসিক ক্যাশ একাউন্ট এর পোস্ট অডিট কার্যক্রম সম্পাদন, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের প্রেরিত চাকুরী বহিসমূহ যাচাই, পেনশন কেইস নিষ্পত্তি, লাম্প গ্রান্ট ও পিআরএল এর বিল নিষ্পত্তি, শ্রান্তিবিনোদন ছুটির বিল নিষ্পত্তি, কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার বেতন নির্ধারণের কাজ এ কার্যালয় কর্তৃক সম্পাদন করা হয়। এ কার্যালয়ে ০২ জন সুপারের বিপরীতে কর্মরত ০১ জন, ১৫ জন অডিটরের পদের বিপরীতে মাত্র ০৫ জন অডিটর কর্মরত, ০৪ জন জুনিয়র অডিটরের পদের বিপরীতে কর্মরত ০১ জন, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ০১ টি পদের বিপরীতে কেউ কর্মরত নেই, কম্পিউটার মুদ্রাক্ষরিক এর ০১ টি পদের বিপরীতে কেউ কর্মরত নেই, অফিস সহায়ক ০৩ টি পদের মধ্যে ০১ জন কর্মরত আছে। সিটিজেন চার্জার অনুযায়ী সেবা প্রদান করতে যেয়ে স্বল্প সংখ্যক লোকবলকে ছুটির দিনেও অক্লান্ত পরিশ্রম করতে হচ্ছে। ফলে যথাসময়ে সেবা প্রদান অনেক সময় খুবই কষ্টকর হয়ে পড়ে।

এমতাবস্থায় উপরোক্ত বিষয় সদয় বিবেচনা করে এ কার্যালয়ে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক লোকবল পদস্থাপনের জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো।


(শিল্পী দাস)

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
ফোন : ৯৩৬০০১৯